10

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 27 NOV 1998 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

# বেসরকারী কলেজের অধ্যক্ষ উপাধ্যক্ষ ও সহকারী অধ্যাপকদের পদোন্নতির জন্য তথ্য পাঠানোর আহ্বান

বেসরকারী কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও সহকারী অধ্যাপকদের অধ্যাপক ও সহযোগী অধ্যাপক পদে পদোন্নতির লক্ষ্যে জরুরীভিত্তিতে ৫ ডিসেম্বরের মধ্যে তথ্য পাঠানোর জন্য তাদের প্রতি বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির নেতৃবৃন্দ অনুরোধ জানিয়েছেন বৃহস্পতিবার সমিতির সাধারণ সম্পাদক কাজী ফারুক আহমেদ এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে এ অনুরোধ জানান।

পদোন্নতি প্রাপ্তিতে ইচ্ছুক শিক্ষকদেরকে প্রতিষ্ঠান ও নিজ নিজ নাম, ঠিকানা, ইনডেক্স নম্বর, বিষয় ও পদবি, শ্রেণী ও বিভাগসহ শিক্ষকতা যোগ্যতা, প্রকাশনা ও উচ্চতর ডিগ্রী, মোট অভিজ্ঞতা এবং বর্তমান পদে অভিজ্ঞতা ও পদোন্নতির তারিখ উল্লেখপূর্বক ৫ ডিসেম্বরের মধ্যে সমিতির সাধারণ সম্পাদকের ঠিকানা ৬২, নাজিমুদ্দিন রোড, ঢাকা-১১০০ বরাবর পাঠানোর অনুরোধ জানানো হয়েছে। বিবৃতিতে নেতৃবৃন্দ বলেন, পদোন্নতি সংক্রান্ত বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণে সরকারকে সহায়তার জন্য তাঁরা এ তথ্য সংগ্রহ করছেন। নেতৃবৃন্দ শিক্ষকদের পদোন্নতি নিশ্চিত করার জন্য বেসরকারী কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও সহকারী অধ্যাপকদের প্রতি আহ্বান জানিয়েছেন। — বিজ্ঞপ্তি।